



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/রংপুর-২২৪/

তারিখঃ / /২০১৬খ্রিঃ

বিষয়ঃ প্রয়োজনীয় কাগজপত্র জরুরী ভিত্তিতে দাখিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার গংগাচড়া উপজেলাধীন বাগডহরা দারুল হুদা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটি সংক্রান্ত বিষয়ে জনৈক মোঃ আঃ মতিন কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৫২৪৫/২০১৪ দায়ের করা হয়। মাদরাসার সুপার মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং- ৫২৪৫/২০১৪টি চূড়ান্ত নিষ্পত্তি করায় আদালতের আদেশের সার্টিফাইড কপি বোর্ডে দাখিল করেছেন।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত পর্যালোচনা পূর্বক মতামত প্রদানের জন্য দাখিলকৃত সার্টিফাইড কপি এবং অত্র বোর্ডে রক্ষিত সংশ্লিষ্ট মাদরাসা সংক্রান্ত নথিটি বোর্ডের আইন উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। আইন উপদেষ্টা বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নোক্ত মতামত প্রদান করেছেন-

“রিট পিটিশন নং- ৫২৪৫/২০১৪ মামলা ২৬/০১/২০১৬খ্রিঃ তারিখে প্রত্যাহার করা হয়েছে বিধায় জনাব মোঃ মতিন সভাপতি হিসেবে দায়িত্ব পালনের সুযোগ নাই বিধায় বর্তমানে কে সভাপতির দায়িত্ব পালন করিতেছেন সে বিষয়ে জানতে চাওয়া যেতে পারে। উল্লেখ্য, সভাপতির পদ পরিবর্তন করে জনাব মোঃ আজিনুর রহমানকে সভাপতি পদে মনোনয়ন দেওয়া হয় যার বিরুদ্ধে তিনি মামলা করেন। দাখিলকৃত কমিটিতে সুপার নিজেই একমাত্র প্রতিষ্ঠাতা হিসেবে উল্লেখ করেন কোন সমর্থনীয় কাগজপত্র নথীতে নাই ও দাখিলও করেন নাই। দাতা সদস্য হিসেবে মোঃ হারুনুর রশীদ এর এককালীন অনুদান বিষয়েও কোন সমর্থনীয় কাগজপত্র নাই। ইতোপূর্বের কমিটিতেও তাঁকে দাতা সদস্য হিসেবে দেখানো হয় যে বিষয়ে বোর্ড কর্তৃক পরিবর্তিত সভাপতি জনাব মোঃ আজিনুর রহমান তিনি দায়িত্ব পালনকালীন জনাব মোঃ হারুনুর রশীদ কর্তৃক দাতা হিসেবে দানের কোন প্রমাণ মাদরাসায় তিনি পান নাই মর্মে লিখিতভাবে বিগত ০৪/০৩/২০১৫খ্রিঃ তারিখে বোর্ডকে লিখিতভাবে অবগত করেন।

বর্ণিত অবস্থায় বোর্ড কর্তৃক পরবর্তী কমিটি অনুমোদন না হওয়া পর্যন্ত বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৯ অনুযায়ী ইতোপূর্বে বোর্ড কর্তৃক মনোনীত সভাপতি জনাব মোঃ আজিনুর রহমান মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করিবেন। প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে একমাত্র ভোটার হওয়ার স্বপক্ষে কাগজপত্র/দলিলাদি ও দাতা হিসেবে এককালীন অনুদানের স্বপক্ষে মূল কাগজ পত্র প্রবিধান-২৯(৩) মোতাবেক অনধিক তিন দিনের মধ্যে সদস্য ও সভাপতি পদে নির্বাচিত ব্যক্তিগণের পূর্ণ নাম ও ঠিকানা প্রেরণ না করার বিষয়ে ব্যাখ্যা চেয়ে পত্র দেওয়া যেতে পারে। উপরোক্ত তথ্যাদি, কাগজপত্র ও ব্যাখ্যা দাখিলের পর দাখিলকৃত কমিটি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ সমীচিন হবে।”

এমতাবস্থায় আইন উপদেষ্টার মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় তথ্যাদি, কাগজপত্র ও ব্যাখ্যা জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রফেসর এ. কে. এম. হাফেজ উল্লাহ

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৫৮৬১০২১৬

- প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, বাগডহরা দারুল হুদা দাখিল মাদরাসা, গংগাচড়া, রংপুর।
২) সুপার, বাগডহরা দারুল হুদা দাখিল মাদরাসা, গংগাচড়া, রংপুর।

অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. অফিস কপি।